এম জেড এস (এক্স স্টুডেন্টস) স্পোর্টস ক্লাব

কার্যকরী কমিটি নির্বাচন - ২০২৬

নির্বাচনী আচরণবিধি

এম জেড এস (এক্স স্টুডেন্টস) স্পোর্টস ক্লাবের কার্যকরী কমিটি নির্বাচন - ২০২৬ সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে পরিচালনার লক্ষ্যে প্রার্থী ও ভোটারগণ নিম্নোক্ত আচরণবিধি অনুসরণ করবেন। এই ধারাসমূহের যেকোনোটি লঙ্ঘনের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণসাপেক্ষে প্রার্থিতা বাতিলসহ যেকোনো প্রতিকারমূলক পদক্ষেপ প্রযোজ্য হবে। এক্ষেত্রে ক্লাবের কার্যকরী কমিটি নির্বাচনের জন্য গঠিত নির্বাচন কমিশন যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করবে এবং নির্বাচন কমিশনের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১. **ক্লাবের সম্পদ ব্যবহারে বিরত থাকা:** নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত ও অপরিহার্য সাংগঠনিক সভা ব্যতিরেকে নির্বাচনী প্রচারণা বা নির্বাচন সম্পর্কিত অন্য কোনো ব্যক্তিগত উদ্দেশ্যে ক্লাবের তহবিল. ব্যবহার করা থেকে বিরত থাকা।

২. **নির্বাচনী ইশতেহারের সীমাবদ্ধতা:** নির্বাচনী ইশতেহার প্রণয়ন ও প্রচারণার ক্ষেত্রে প্রার্থীগণ এম জেড এস (এক্স স্টুডেন্টস) স্পোর্টস ক্লাবের ক্রীড়া উন্নয়ন, প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে সৌহার্দ্য ও ভ্রাতৃত্ববোধ সুদৃঢ়করণ এবং ক্লাবের সার্বিক কার্যক্রমকে আরও কার্যকর ও গতিশীল করার ক্ষেত্রে কী ধরনের ভূমিকা পালনের পরিকল্পনা করছেন, তার আওতায় সীমাবদ্ধ থাকা।

৩. **পারস্পরিক শ্রদ্ধা ও ভ্রাতৃত্ববোধ বজায় রাখা:** নির্বাচনী প্রচারণাকালে অন্য কোনো প্রার্থী, ভোটার বা নির্বাচন সংশ্লিষ্ট কোনো ব্যক্তি সম্পর্কে ব্যক্তিগত আক্রমণাত্মক বা অবমাননাকর মন্তব্য করা থেকে বিরত থাকা। প্রাক্তন শিক্ষার্থীদের ঐতিহ্য ও পারস্পরিক ভ্রাতৃত্ববোধ অক্ষুণ্ণ রেখে জ্যেষ্ঠ-কনিষ্ঠ নির্বিশেষে সকলের প্রতি পারস্পরিক শ্রদ্ধা ও সম্মানজনক আচরণ নিশ্চিত করা।

৪. **অনৈতিক লেনদেন ও উপঢৌকন বর্জন:** নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে কোনো ধরনের নিয়মবহির্ভূত আর্থিক লেনদেন, ভোট ক্রয়-বিক্রয় বা যেকোনো ধরনের উপঢৌকন/উপহার প্রদান বা গ্রহণ এবং কোনো প্রকার ব্যক্তিগত সুবিধা অর্জন বা প্রদানজনিত আচরণ থেকে বিরত থাকা।

৫. **স্বার্থের দ্বন্দ্ব পরিহার:** ব্যক্তিগত বা গোষ্ঠীগত স্বার্থ সম্পর্কিত কোনো বিষয় নির্বাচনী ইশতেহারে অন্তর্ভুক্ত না করা এবং নির্বাচন প্রক্রিয়ায় যেকোনো ধরনের স্বার্থের দ্বন্দ্ব (Conflict of Interest) পরিহার নিশ্চিত করা।

৬. **অনলাইন ভোটিং ও সাইবার আইন অনুসরণ:** নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে দেশের প্রচলিত আইন, বিশেষ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক, হোয়াটসঅ্যাপ ইত্যাদি) প্রচারণার

ক্ষেত্রে সাইবার সুরক্ষা আইন ও ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা আইনের বাধ্যবাধকতাসমূহ অনুসরণ করা। এছাড়া অনলাইন ভোটিং প্রক্রিয়ায় ভোটারের ইমেইল আইডি যাচাইকরণ ও গোপনীয়তা রক্ষার ক্ষেত্রে নির্বাচন কমিশনের নির্দেশনা কঠোরভাবে মেনে চলা এবং কোনো প্রকার কারিগরি হস্তক্ষেপ বা বিভ্রান্তি সৃষ্টি থেকে বিরত থাকা।

৭. **ক্লাবের গঠনতন্ত্র ও নৈতিকতা অনুসরণ:** সার্বিকভাবে নির্বাচনী ইশতেহার প্রণয়ন, প্রচারণা এবং ভোটগ্রহণের দিন (সরাসরি ও অনলাইন) এম জেড এস (এক্স স্টুডেন্টস) স্পোর্টস ক্লাবের গঠনতন্ত্র, নির্বাচনী নিয়মাবলী এবং নৈতিক আচরণবিধির সাথে সাংঘর্ষিক হবে এমন যেকোনো কাজ থেকে বিরত থাকা।

নির্বাচন কমিশন
এম জেড এস (এক্স স্টুডেন্টস) স্পোর্টস ক্লাব
কার্যকরী কমিটি নির্বাচন – ২০২৬

Election Commissioner
MZS (EX-STUDENTS) SPORTS CLUB
Working Committee Election – 2026

Election Commissioner
MZS (EX-STUDENTS) SPORTS CLUB
Working Committee Election – 2026

Chief Election Commissioner
MZS (EX-STUDENTS) SPORTS CLUB
Working Committee Election – 2026